## শাহবাগ মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet ও Roof-এর গ্লাস স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপনের কাজের অগ্রগতি ৯৬%। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৯৫%। MEP কাজের মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৮৮%। Building Management System (BMS) কাজের অগ্রগতি ৭৫%। ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম স্থাপন কাজের ৬০%। প্লাম্বিং কাজের অগ্রগতি ৮০%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮০%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৬০%।

## ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet ও Roof-এর গ্লাস স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপন কাজের অগ্রগতি ৯৯%। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৯৬%। MEP কাজের মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৯০%। Building Management System (BMS) কাজের অগ্রগতি ৮৫%। ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম স্থাপন কাজের অগ্রগতি ৮০%। প্লাম্বিং কাজের অগ্রগতি ৯০%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮৫%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৯০%।

## বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet ও Roof-এর গ্লাস স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপন কাজের অগ্রগতি ৯৮.৫০%। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৮৭%। MEP কাজের মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৮৬%। Building Management System (BMS) কাজের অগ্রগতি ৮০%। ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম স্থাপন কাজের অগ্রগতি ৭৫%। প্লাম্বিং কাজের অগ্রগতি ৮৫%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮০%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৬৫%।

## মতিঝিল মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet ও Roof-এর গ্লাস স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপন কাজের অগ্রগতি ৮০%। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৮০%। MEP কাজের মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৮৯%। Building Management System (BMS) কাজের অগ্রগতি ৮০%। ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম স্থাপন কাজের অগ্রগতি ৭৫%। প্লাম্বিং কাজের অগ্রগতি ৮০%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮০%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৬০%।

## ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম এর কাজের অগ্রগতি

মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) ভবনের নির্মাণ কাজ ও যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন সম্পন্ন করা হয়েছে। মানিকনগর গ্রিড সাবস্টেশন হতে মতিঝিল রিসিভিং সাবস্টেশন পর্যন্ত ১৩২ কেভি ভূগর্ভস্থ ক্যাবল স্থাপন এবং মতিঝিল রিসিভিং সাবস্টেশন হতে মতিঝিল মেট্রোরেল স্টেশন পর্যন্ত ৩৩ কেভি ক্যাবল স্থাপন সম্পন্ন হয়েছে। এই অংশের স্টেশনসমূহে স্থাপিতব্য ০৩টি Traction Sub Station (TSS) ও ০৭টি Auxiliary Sub Station (ASS) এর বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন, টেস্টিং এবং কমিশনিং সম্পন্ন হয়েছে। বিজয় সরণি মেট্রোরেল স্টেশন হতে মতিঝিল মেট্রোরেল স্টেশন পর্যন্ত স্টেশনসমূহে প্ল্যাটফর্ম স্ক্রিন ডোর (PSD) স্থাপনের কাজ চলমান আছে।

আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত সম্পূর্ণ অংশে (১৬.১৯ ট্র্যাক-কিলোমিটার) রেল লাইন এবং সিজার ক্রসওভার ও টার্ন আউট স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। সকল OCS Portal স্থাপন করে সম্পূর্ণ অংশের (১৯.৮৯ কিলোমিটার) OCS ওয়্যারিং সম্পন্ন হয়েছে। বর্তমানে এই অংশের Signalling and Telecommunication System স্থাপনের কাজ চলমান আছে। আগামী জুলাই ২০২৩ মাসের মধ্যে এই কাজসমূহ সম্পন্ন করা যাবে বলে আশা করা যাচ্ছে। এই অংশে স্থাপিতব্য ৫২টি এস্কেলেটর এবং ২৯টি লিফট স্থাপনের কাজ বিভিন্ন পর্যায়ে বাস্তবায়নাধীন আছে।

## রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের অগ্রগতি

সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ২৪টি ট্রেন সেটই ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। আগামী জুলাই ২০২৩ মাসে আগারগাঁও থেকে মতিঝিল অংশে মেট্রো ট্রেনসমূহের Performance Test শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

# Branding Seminar
## on
## Start of Operation of MRT Line-6 from Agargaon to Motijheel
## Progress, Prospects and Beyond



১৮ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। ডিএমটিসিএল এর আওতায় দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর গণপরিবহণ হিসেবে ৬টি মেট্রোরেলের সমন্বয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এই সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে উত্তরা উত্তর থেকে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ ও ১৭টি স্টেশন বিশিষ্ট বাংলাদেশের প্রথম মেট্রোরেল MRT Line-6 এর নির্মাণ কাজ Early Commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের প্রথম মেট্রোরেলের উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী জনসম্মুখে শুভ উদ্বোধন করেছেন। এখন শুক্রবার ব্যতীত প্রতিদিন সকাল ৮.০০ ঘটিকা থেকে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন হতে আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত বাণিজ্যিকভাবে মেট্রো ট্রেন নিয়মিত চলাচল করছে। আগামী ডিসেম্বর ২০২৩ মাসে আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ এবং জুন ২০২৫ মাসে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশ উদ্বোধনের পরিকল্পনা রয়েছে।

২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design ও ডিপোর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ জনসম্মুখে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেছেন। বর্তমানে ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর নির্মাণ কাজ চলছে। অন্যান্য প্যাকেজসমূহের দরপত্র প্রক্রিয়াকরণ কার্যক্রম বিভিন্ন পর্যায়ে বাস্তবায়নাধীন আছে। কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা Underground মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর থেকে ভাটারা পর্যন্ত ১৩.৫০ কিলোমিটার পাতাল এবং ৬.৫০ কিলোমিটার উড়াল মোট ২০.০০ কিলোমিটার দীর্ঘ ১৪টি স্টেশন (৯টি পাতাল ও ৫টি উড়াল) বিশিষ্ট MRT Line-5: Northern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে বিভিন্ন সার্ভে ও Detailed Design এর কাজ চলছে। মে ২০২৩ মাস পর্যন্ত Detailed Design এর অগ্রগতি ৯০.০০%। হেমায়েতপুর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ৯৯.২৫ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। গত ২৩ মে ২০২৩ তারিখ পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আগামী জুলাই ২০২৩ মাসে এই রুটের নির্মাণ কাজের উদ্বোধন করা যাবে বলে আশা করা যাচ্ছে। এটিই হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম এমআরটি করিডোর।

২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১৩.১০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.১০ কিলোমিটার উড়াল মোট ১৭.২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route নির্মাণের নিমিত্ত প্রাক সম্ভাব্যতা যাচাই ও সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে। Engineering Design কাজ শেষ পর্যায়ে রয়েছে। সম্ভাব্যতা যাচাইয়ের ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পের ডিপিপি অনুমোদনের নিমিত্ত প্রক্রিয়াধীন আছে।

একই সময়ের মধ্যে গাবতলী থেকে নিউমার্কেট-গুলিস্তান-কমলাপুর-সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ জেলা সদর পর্যন্ত সম্ভাব্য মেইন লাইন এবং গোলাপ শাহ মাজার থেকে সদরঘাট পর্যন্ত ব্রাঞ্চ লাইন সমন্বয়ে প্রায় ৩৫ কিলোমিটার দীর্ঘ MRT Line-2 এবং কমলাপুর থেকে সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

## MRT Line-6

৩১ মে ২০২৩ তারিখ পর্যন্ত MRT Line-6 এর উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৪.৭৬%। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী জনসম্মুখে শুভ উদ্বোধন করেছেন। আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৯৪.৩২%। আগামী ডিসেম্বর ২০২৩ মাসে এই অংশের শুভ উদ্বোধনের পরিকল্পনা রয়েছে। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ৫.৩৭%। আগামী জুন ২০২৫ মাসে এই অংশের উদ্বোধন করা যাবে বলে আশা করা যাচ্ছে। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৮৯.৭১%।

## আগারগাঁও হতে মতিঝিল পর্যন্ত স্টেশনভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

### বিজয় সরণি মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet ও Roof-এর গ্লাস এবং কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৮৭%। MEP কাজের মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৮৬%। Building Management System (BMS), ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম, প্লাম্বিং কাজের সমন্বিত অগ্রগতি ৮৫%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮৬%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৭০%।

### ফার্মগেট মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet এবং কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। Roof-এর গ্লাস স্থাপন কাজের অগ্রগতি ৯৫%। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৮৮%। MEP কাজের অগ্রগতি ৮৬%। তন্মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৮৭%। Building Management System (BMS) এর অগ্রগতি ৮০%। প্লাম্বিং কাজের অগ্রগতি ৮৫%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮২%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৬০%।

### কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশন

ইতোমধ্যে Roof Sheet স্থাপন এবং কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলে গ্রানাইট স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। Roof-এর গ্লাস স্থাপন কাজের অগ্রগতি ৯৩%। বর্তমানে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। স্টেশন ভবনের স্থাপত্য কাজের সামগ্রিক অগ্রগতি ৮৫%। MEP কাজের মধ্যে বৈদ্যুতিক কাজের অগ্রগতি ৮৭%। Building Management System (BMS) এর অগ্রগতি ৭৯%। ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম স্থাপন কাজের অগ্রগতি ৭৮%। প্লাম্বিং কাজের অগ্রগতি ৭৫%। ভেন্টিলেশন এন্ড এয়ার কন্ডিশনিংয়ের কাজের অগ্রগতি ৮৮%। Entry/Exit নির্মাণ কাজের অগ্রগতি ৫০%।